

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
প্রশাসন শাখা-২
www.plandiv.gov.bd

নং- ২০.০০.০০০০.৩০৩.৩২.৩১৮.১৬-৩৭৭

তারিখঃ ০৭ আষাঢ়, ১৪২৩ বঙ্গাব্দ
২২ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৬/০৬/২০১৬ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়)১১.২০৩৯.১৬-১৩৩ সংখ্যক স্মারকের সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত ০২(এক)জন প্রার্থীকে পরিকল্পনা বিভাগের নবসৃষ্ট আইসিটি সেলের "প্রোগ্রামার" পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৩৫৫০০ - ৬৭০১০/- টাকা মতনক্রমে (৬ষ্ঠ গ্রেড) অনুচ্ছেদ-০২ এ বর্ণিত শর্তসাপেক্ষে সাময়িকভাবে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্র: নং	প্রার্থীর নাম ও রেজিস্ট্রেশন নং	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
(১)	জনাব মোঃ আহসান হাবীব রেজি নং- ০০০০১৬	পিতা- মোঃ আনোয়ার হোসেন মাতা- মিসেস মোহতারেমা বেগম গ্রাম- খোন্দামপাট ডাকঘর- নগরমীরগঞ্জ ৫৪০৩ উপজেলা- রংপুর সদর জেলা- রংপুর।	জনাব মোঃ আহসান হাবীব সহকারী প্রোগ্রামার ডিপিডি, শিল্প ভবন (৬ষ্ঠ তলা), শিল্প মন্ত্রণালয়, ৯১, মতিঝিল বা/এ ঢাকা-১০০০।


০২। **নিয়োগের শর্তাবলী:**

- এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। এ নিয়োগ তীর যোগদানের তারিখ থেকে কার্যকর হবে এবং ০২(দুই) বৎসর শিক্ষানবিসকাল হিসেবে গণ্য করা হবে। নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনবোধে উক্ত শিক্ষানবিসকালের মেয়াদ বৃদ্ধি করতে পারবে। শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে সমাপন এবং উক্ত সময়ে তার আচরণ ও কর্ম সন্তোষজনক প্রতীয়মান হলে তাকে চাকরিতে স্থায়ীকরণের বিষয়টি বিবেচনা করা হবে। শিক্ষানবিসকালে তীর আচরণ ও কাজের মান সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাকে চাকরি হতে অপসারণ করা যাবে;
- পুলিশ তদন্তে চারিত্রিক ও প্রাক-পরিচিতি প্রতিবেদন সন্তোষজনক না হলে তাৎক্ষণিকভাবে চাকরি হতে অপসারণ করা হবে;
- বিদেশী নাগরিকের সাথে বিবাহসূত্রে কোন সম্পর্ক বা দায়বদ্ধতা থাকলে এই নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে;
- এ নিয়োগ আদেশ প্রাপ্তির পর তীর জেলার সিভিল সার্জনের নিকট উপস্থিত হয়ে স্বাস্থ্য পরীক্ষা করতে হবে। অতঃপর উক্ত সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনের মূলকপি সংগ্রহ করে চাকরিতে যোগদানের সময় কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে;
- চাকরিতে যোগদানের সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র সঙ্গে আনতে হবে। মূল সনদপত্র প্রদর্শনে ব্যর্থ হলে তীর নিয়োগাদেশ বাতিল করা হবে;
- এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীত বা বিধি-বিধান ও আদেশ দ্বারা তীর চাকরি নিয়ন্ত্রিত হবে;
- এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোনরূপ ভ্রমণ/দৈনিক ভাতা পাবেন না।

০৩। যদি অনুচ্ছেদ-০২ এ বর্ণিত শর্তাবলী গ্রহণযোগ্য হয়, তাহলে আগামী ২২ জুলাই, ২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা বরাবরে যোগদান করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে বিবেচনা করা হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৪। এ নিয়োগ আদেশ জনস্বার্থে জারি করা হলো।


রাষ্ট্রপতির আদেশক্রমে


মোছাঃ জেসমুন নাহার
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-৯১১৫৮৭৩

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য . . .

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৩) অতিরিক্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৪) যুগ্ম-সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৫) উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬) জেলা প্রশাসক, রংপুর জেলা (নিয়োগ আদেশটি প্রাপকের অনুকূলে প্রেরণের অনুরোধসহ)।
- ৭) পুলিশ সুপার, রংপুর জেলা (জরুরী ভিত্তিতে পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এ কার্যালয়ে প্রেরণের অনুরোধসহ)।
- ৮) সিভিল সার্জন, রংপুর জেলা (সরকারী চাকরিতে যোগদানের ক্ষেত্রে স্বাস্থ্যগত উপযুক্ততা সম্পর্কে প্রতিবেদন প্রদানের অনুরোধসহ)।
- ৯) উপ-সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ১০) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ১১) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ১২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ১৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১৪) উপজেলা নির্বাহী কর্মকর্তা, রংপুর সদর, রংপুর (নিয়োগ আদেশটি প্রাপকের অনুকূলে প্রেরণের অনুরোধসহ)।
- ১৫) জনাব মোঃ আহসান হাবীব, পিতা- মোঃ আনোয়ার হোসেন, মাতা- মিসেস মোহতারেমা বেগম, গ্রাম- খোর্দতাসপাট, ডাকঘর- নগরমীরগঞ্জ ৫৪০৩ উপজেলা- রংপুর সদর, জেলা- রংপুর (বর্তমান ঠিকানাঃ জনাব মোঃ আহসান হাবীব, সহকারী প্রোগ্রামার, ডিপিডিটি, শিল্প ভবন (৬৪ তলা), শিল্প মন্ত্রণালয়, ৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
- ১৬) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, সিজিএ ভবন (ফেজ-৩), সেগুনবাগিচা, ঢাকা।
- ১৭) হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১৮) অফিস কপি/ব্যক্তিগত নথি।


(মোছাঃ জেসমুন নাহার)
সিনিয়র সহকারী সচিব